**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েতের মোট ৬৯০৯টি আসনের মধ্যে ২১০৩টি আসনের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন ৪৭৬১ জন প্রার্থী ।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নবম পরিচালনা পরিষদের সভায় সভাপতিত্ব করবেন । মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বৈঠকে যোগ দিতে দিল্লি গেছেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ দ্রাসে কার্গিল বিজয় দিবসের ২৫তম বার্ষিকী উপলক্ষে কার্গিল যুদ্ধের বীরদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন ।**

**(৪) আর কিছুক্ষণ পরেই প্যারিস অলিম্পিক ২০২৪ শুরু হচ্ছে ।**

*******************************************

**Panchayat-Candidate Breakup :**

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েতের মোট ৬৯০৯টি আসনের মধ্যে ২১০৩টি আসনের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন ৪৭৬১ জন প্রার্থী। এর মধ্যে গ্রাম পঞ্চায়েতের ১৮১৯টি আসনের নির্বাচনে প্রার্থী রয়েছেন

৪০৪১ জন। এতে বিজেপির প্রার্থী ১৮১৮ জন, সিপিআইএমের ১২২২ জন, কংগ্রেস প্রার্থী ৭৩১ জন, তিপরা মথার ১৩৮ জন, সিপিআইএম এল এর পাঁচ জন ও নির্দল প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করবেন ১২৭ জন। পঞ্চায়েত সমিতির ১৮৮টি আসনের নির্বাচনে মোট প্রার্থী ৪৫৮ জন। এরমধ্যে বিজেপি প্রার্থী ১৮৮ জন, সিপিআইএমের ১৪৮ জন, কংগ্রেস প্রার্থী ৯৮ জন, তিপরা মথা'র ১১জন, সিপিআইএম এল এর ২ জন ও নির্দল প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করবেন ১১ জন। জিলা পরিষদের ৯৬টি আসনের নির্বাচনে মোট প্রার্থী ২৬২ জন। এরমধ্যে বিজেপি প্রার্থী ৯৬ জন, সিপিআইএমের ৮১ জন, কংগ্রেসের ৭৬, তিপরা মথার ২ এবং নির্দল প্রার্থী ৭ জন। উল্লেখ্য, ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে মোট ৬৯০৯টি আসনের মধ্যে ৪ হাজার ৮০৬টি আসনে বিজেপি প্রার্থীরা ইতিমধ্যে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়লাভ করেছেন।

***************************

**PM, NITI AYOG :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল নতুনদিল্লির রাষ্ট্রপতি ভবন সাংস্কৃতিক কেন্দ্রে NITI আয়োগের নবম পরিচালনা পরিষদের সভায় সভাপতিত্ব করবেন। এই বছরের সভার বিষয় হল ভারতকে একটি উন্নত জাতি হিসেবে গড়ে তোলার কেন্দ্রবিন্দুতে, ২০৪৭ সালের বিকশিত ভারত।

বৈঠকে বিকশিত ভারতের ভিশন ডকুমেন্টের কর্মপন্থা নিয়ে আলোচনা হবে। NITI আয়োগ বলেছে, গভর্নিং কাউন্সিলের বৈঠকের লক্ষ্য গ্রামীণ ও শহুরে জনগণের জীবনযাত্রার মান উন্নত

করে কেন্দ্র ও রাজ্য সরকারের মধ্যে অংশগ্রহণমূলক শাসন ও সহযোগিতা বৃদ্ধি করা। বৈঠকে বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে রাজ্যগুলির ভূমিকা নিয়েও বিস্তারিত আলোচনা হবে। NITI আয়োগ বলেছে, ভারত মোট দেশীয় পণ্য উৎপাদন, জিডিপি পাঁচ ট্রিলিয়ন মার্কিন ডলার অতিক্রম করেছে এবং ২০৪৭ সালের মধ্যে ৩০ ট্রিলিয়ন মার্কিন ডলার অর্থনীতিতে পৌঁছানোর আকাঙ্ক্ষা সহ বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতি হওয়ার পথে রয়েছে।

উল্লেখ্য, প্রধানমন্ত্রী নীতি আয়োগের চেয়ারপার্সন। অন্যান্য অংশগ্রহণকারীদের মধ্যে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির মুখ্যমন্ত্রী এবং লেফটেন্যান্ট গভর্নর, কেন্দ্রীয় মন্ত্রীরা, বিশেষ আমন্ত্রিত ও NITI আয়োগের ভাইস চেয়ারম্যান এবং সদস্যরা অন্তর্ভুক্ত থাকবেন।

এদিকে, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা নীতি আয়োগের বৈঠকে যোগ দিতে দিল্লি গেছেন।

***************************

**Mock Poll, Bishalgarh :**

আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য সিপাহীজলা জেলার বিশালগড় ব্লকের ভোটকর্মীদের প্রথম পর্যায়ের প্রশিক্ষণ আজ অনুষ্ঠিত হয়েছে। বিশালগড় নুতন টাউন হলে আয়োজিত এই প্রশিক্ষণে ১১০০-রও বেশি ভোটকর্মী অংশ গ্রহণ করেন। তাদের প্রশিক্ষণ প্রদান করেন অতিরিক্ত রিটার্নিং অফিসার সুভাশিষ দত্ত ও রাজেশ রায়। উপস্থিত ছিলেন ব্লকের বি.ডি.ও তথা রিটার্নিং অফিসার নান্‌টু দেব। তিনি জানিয়েছেন বিশালগড় ব্লকের ১৭৬টি

ভোটকেন্দ্রের মধ্যে ১১৯টিতে ভোটগ্রহণ হবে। নির্বাচন হবে গ্রাম পঞ্চায়েতের ১৫টি, পঞ্চায়েত সমিতির ২টি ও ব্লকের আওতাধীন জিলা পরিষদের ৩টি আসনে।

****************************

**Oil palm tree (Sampoornata) :**

ধলাই জেলার উন্নয়ন প্রত্যাশী ব্লক গঙ্গানগরে সম্পূর্ণতা অভিযানের অঙ্গ হিসেবে আজ আমবাসা মহকুমা কৃষি দপ্তরের উদ্যোগে মেগা অয়েল পাম চাষ ও সচেতনতামূলক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। গঙ্গানগর কমিউনিটি হলে আয়োজিত এই অনুষ্ঠানে বিধায়ক নন্দিতা দেববর্মা রিয়াং, এম ডি সি ভূমিকানন্দ রিয়াং, কৃষি ও উদ্যান দপ্তরের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। জেলার উদ্যান দপ্তরের ডেপুটি ডিরেক্টর পরিমল দেববর্মা জানান, গতবছর আমবাসা মহকুমায় কুড়ি হেক্টর জমিতে পাম গাছ লাগানোর সিদ্ধান্ত হয়েছিল, তার লক্ষ্যমাত্রা ইতিমধ্য পূরণ হয়েছে। চলতি বছরে ধলাই জেলায় মোট ৬৫০ হেক্টর জমিতে ওয়েল পাম গাছ লাগানোর সিদ্ধান্ত নেয়া হয়েছে। সুবিধাভোগীরা জমিতে এই গাছ কিভাবে লাগাবেন সে বিষয়ে আজ তাদের হাতে কলমে শিক্ষা দেওয়া হয়েছে।

*****************************

**Nipun Tripura :**

শিক্ষা সপ্তাহের সাতদিন ব্যাপী কর্মসূচির পঞ্চম দিন তথা দক্ষতা উন্নয়ন দিবসে শিক্ষা দপ্তরের সচিব রাভেল হেমেন্দ্র কুমার আজ রানীরবাজার নলগরিয়াস্থিত সুকান্ত একাডেমী ইংলিশ মিডিয়াম স্কুল ও চৌধুরী বাড়ি বিদ্যালয় পরিদর্শনে যান। সঙ্গে ছিলেন বিদ্যালয়

শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা। শিক্ষা সচিব জানান জাতীয় শিক্ষা নীতি ২০২০তে নতুন কিছু পাঠ্যসূচি যোগ করা হয়েছে। যার মুখ্য উদ্দেশ্য হচ্ছে খেলাধুলার মাধ্যমে জ্ঞান অর্জন করে সাফল্য লাভ করা। তিনি পরিদর্শনকালে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের হাতে তৈরী জিনিষগুলি দেখেন এবং তাদের কাজের প্রশংসা করেন।

**************************

**Endline Assessment Survey :**

তৃতীয় শ্রেনির ছাত্র-ছাত্রীদের এন্ড লাইন এসেসমেন্ট সার্ভের আজ ছিল শেষ দিন। গত ২৩ জুলাই থেকে এই সার্ভের কাজ শুরু হয়েছিল। আজ শেষ দিনে যে সমস্ত ছাত্র-ছাত্রীরা কোনো বিশেষ কারণে বিদ্যালয়ে গত তিন দিন এবং আজও আসতে পারেনি তাদের বাড়িতে গিয়ে এসেসমেন্ট করা হয়। সংশ্লিষ্ট শিক্ষক/শিক্ষিকা এবং অবজারভার এধরনের ছাত্র-ছাত্রীদেরও এসেসমেন্টের আওতায় নিয়ে আসার জন্য তাদের বাড়ি বাড়ি যান। এতে দেখা গেছে তৃতীয় শ্রেনিতে পাঠরত প্রায় ১০০% ছাত্র-ছাত্রীরই এসেসমেন্ট সম্পূর্ণ হয়েছে। আগামী কিছুদিনের মধ্যেই ফলাফলের ভিত্তিতে বেসলাইন এসেসমেন্টের মাধ্যমে শনাক্ত ৮% দুর্বল ছাত্র-ছাত্রীদের এবং এদের পাশাপাশি বাদবাকি যে সব ছাত্র-ছাত্রীরা বেসলাইন এসেসমেন্টে শ্রেনি উপযোগী হিসাবে চিহ্নিত হয়েছিল তাদরও শিক্ষাগত অবস্থান নির্ণীত হবে।

*****************************

**News time :**

শ্রোতাবন্ধুরা। একটি বিশেষ ঘোষণা। অলিম্পিক ক্রীড়া প্রতিযোগিতার ধারাবিবরণী প্রচারের পরিপ্রেক্ষিতে আকাশবাণীর সংবাদ প্রচারের সময়েরও কিছু পরিবর্তন করা হয়েছে। আজ থেকে আগামী ১১ই আগষ্ট পর্যন্ত আকাশবাণী আগরতলা কেন্দ্রের সকালের সংবাদের সময় পরিবর্তন করা হয়েছে। আগামী ১১ই আগষ্ট পর্যন্ত সকাল সাতটা বেজে ৩৫ মিনিটের স্থানীয় বাংলা সংবাদ আপনারা শুনতে পাবেন সকাল ৭:২০ মিনিটে এবং সকাল সাতটা চল্লিশ মিনিটের ককবরক সংবাদ শোনা যাবে সকাল সাতটা বেজে ২৫ মিনিটে।

*****************************

**PM, Kargil :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ দ্রাসে কার্গিল বিজয় দিবসের ২৫তম বার্ষিকী উপলক্ষে কার্গিল যুদ্ধের বীরদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

সমাবেশে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন কারগিল বিজয় দিবস আমাদের স্মরণ করিয়ে দেয় যে, দেশের জন্য আত্মবলিদানকারীরা অমর হয়ে থাকেন। জম্মু ও কাশ্মীরে সাম্প্রতিক সন্ত্রাসী হামলার বিষয়ে পাকিস্তানের সমালোচনা করে, প্রধানমন্ত্রী বলেন যে সন্ত্রাসবাদের পৃষ্ঠপোষকদের ঘৃণ্য উদ্দেশ্য কখনই সফল হবে না। তিনি বলেন, ভারতীয় সৈন্যরা সম্পূর্ণ শক্তি দিয়ে সন্ত্রাসবাদকে দমন করবে এবং শত্রুদের উপযুক্ত জবাব দেওয়া হবে।

প্রতিরক্ষা ক্ষেত্রে সংস্কারের প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, ভারতের প্রতিরক্ষা উৎপাদন দেড় লক্ষ কোটি ছাড়িয়েছে। তিনি

আরও বলেন যে ভারত অস্ত্র রপ্তানিকারক হিসাবেও পরিচিতি লাভ করেছে।

প্রধানমন্ত্রী অগ্নিপথ প্রকল্পের বিষয়ে ভুল তথ্য ছড়ানোর জন্য বিরোধীদের সমালোচনা করেন।

তিনি উল্লেখ করেন আর কিছুদিনের মধ্যেই ৩৭০ ধারা বাতিলের ৫ বছর পূর্ণ হবে এবং আজকের জম্মু ও কাশ্মীর স্বপ্নে ভরা একটি নতুন ভবিষ্যতের কথা বলছে।

লাদাখের উন্নয়নের কথাও তুলে ধরেন। অনুষ্ঠানের পরে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লাদাখের শিনকুন লা সুরঙ্গ পথের কাজের সূচনা করেন।

*****************************

**Kargil Bijoy Diwas :**

কার্গিল বিজয় দিবসের রজত জয়ন্তী উদযাপনের অংশ হিসেবে আসাম রাইফেলস আজ আগরতলায় বাহিনীর সদর কার্যালয়ে অপারেশন বিজয়ের বীর সৈনিকদের সর্বোচ্চ আত্মত্যাগের স্মরণে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করে। এছাড়াও, আসাম রাইফেলস রাজ্য জুড়ে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে কার্গিল বিজয় দিবস উদযাপন করে বলে জানা গেছে।

**************************

**MSP :**

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে সরকার কৃষকদের কল্যাণে ক্রমাগত খাদ্যশস্যের ন্যূনতম সহায়ক মূল্য বা MSP বাড়িয়ে চলেছে।

রাজ্যসভায় এমএসপির আইনি গ্যারান্টি প্রদান সংক্রান্ত একটি সম্পূরক প্রশ্নের উত্তরে শ্রী চৌহান একথা বলেন। মন্ত্রী বলেন, সরকার সারের ওপর ১ লক্ষ ৬৮ হাজার কোটি টাকার বেশি ভর্তুকি দিচ্ছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি যোজনার আওতায় সরকার প্রতি বছর কৃষকদের ৭ হাজার কোটি টাকারও বেশি প্রদান করছে। মন্ত্রী বলেন, ন্যূনতম সহায়ক মূল্য সংক্রান্ত কমিটি অংশীদারদের সঙ্গে বিভিন্ন বিষয়ে আলোচনা করছে এবং কমিটির সুপারিশ অনুযায়ী সরকার পদক্ষেপ নেবে। তিনি জোর দিয়ে বলেন, সরকার কৃষকদের আয় দ্বিগুণ করতে প্রতিশ্রুতিবদ্ধ।

*************************

**Training on Polling :**

ত্রি-স্তরীয় পঞ্চায়েতের সাধারণ নির্বাচন উপলক্ষ্যে আজ ঊনকোটি জেলার গৌরনগর ব্লকের ভোটকর্মীদের প্রশিক্ষণ কর্মসূচি কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, রাজ্য নির্বাচন কমিশনের পর্যবেক্ষক শঙ্কর দেবনাথ, অতিরিক্ত জেলা শাসক এল,দারলং, রিটার্নিং অফিসার তথা গৌরনগর ব্লকের B.D.O প্রনয় দাস প্রমুখ। ভোটপর্ব সুষ্‌ঠুভাবে সম্পন্ন করতে ভোটকর্মীদের দায়িত্ব ও কর্তব্য, করণীয়, রাজ্য নির্বাচন কমিশনের নির্দেশিকা নিয়ে আলোচনা ও তথ্যচিত্র উপস্থাপন করা হয়।

উল্লেখ্য,গৌরনগর ব্লকের অন্তর্গত গ্রাম পঞ্চায়েত স্তরে ২০৬টি আসনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী রয়েছেন, মোট ৪৭৭ জন। অন্যদিকে পঞ্চায়েত সমিতির ১৩টি আসনে ৩৭ জন ভোট প্রার্থী

প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। রিটার্নিং অফিসার তথা গৌরনগর ব্লকের B.D.O প্রণয় দাস জানান, সংশ্লিষ্ট ব্লক এলাকায় ৭৫টি পোলিং বুথে ভোটগ্রহণ করা হবে। শান্তিপূর্ণভাবে ভোটপর্ব সম্পন্ন করতে প্রয়োজনীয় সবধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে তিনি জানান।

***************************

**Vonamohatsav :**

কৈলাশহর মহকুমা ভিত্তিক বনমহোৎসব আজ স্থানীয় জারুইলতলী দ্বাদশ শ্রেণি বিদ্যালয় চত্বরে অনুষ্ঠিত হয়।

ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। বক্তব্য রাখেন, জেলা বন আধিকারিক কৃষ্ণগোপাল রায়, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার প্রমুখ।

প্রকৃতি ও প্রাণীকুলকে রক্ষায় বনসৃজনের প্রয়োজনীয়তার নিয়ে বক্তারা আলোকপাত করেন। পরে বিভিন্ন গাছের চারা রোপণ করা হয়।

*******************************

**Panchayat, Khowai :**

বিধায়ক দীপক মজুমদার আজ ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে খোয়াইয়ের জিলা পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন আসনে বিজেপি প্রার্থীদের সমর্থনে প্রচারে অংশগ্রহণ করেন। তিনি আজ সকাল থেকেই খোয়াই আর ডি ব্লকের অন্তর্গত সোনাতলা এবং পূর্ব সোনাতলা গ্রামে বাড়ি বাড়ি

প্রচারে যান। সঙ্গে ছিলেন খোয়াই মন্ডল সভাপতি সুব্রত মজুমদার। আকাশবাণীকে দেওয়া এক সাক্ষাৎকারে বিধায়ক দীপক মজুমদার, রাজ্যের ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে উন্নয়নের নিরিখে ভারতীয় জনতা পার্টি ভালো ফল করবে বলে আশা প্রকাশ করেন।

***************************

**BJP Campaign :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদ আসনের জন্য বিজেপি মনোনীত প্রার্থী উত্তম দাস আজ চারিপাড়া এলাকায় বাড়ি বাড়ি ভোট প্রচার করেন। তিনি আসন্ন নির্বাচনে জনগণের আস্থা পাবেন বলে আশা ব্যক্ত করেন। নির্বাচনে জয়ী হলে গ্রামীণ উন্নয়নকে আরও ত্বরান্বিত করার জন্য কাজ করবেন বলে তিনি জানান।

এদিকে, সূর্যমনিনগর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত পঞ্চায়েত সমিতি ও জিলা পরিষদের বিজেপি প্রার্থীরা আজ মলয়নগর এলাকার বাড়ি বাড়ি ভোট প্রচার করেন। পঞ্চায়েত সমিতির ১২ নম্বর আসনের প্রার্থী শিব শংকর সাহা এবং পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ১৩ নম্বর আসনের প্রার্থী মমতা দেব ভোট প্রচারকালে সরকারের বিভিন্ন কাজকর্মের তথ্য তুলে ধরেন।

***************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী রবিবার সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানের ১১২তম পর্বে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এই অনুষ্ঠানটি আকাশবাণী

ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

*****************************

**Paris Olympic :**

আর কিছুক্ষণ পরেই প্যারিস অলিম্পিক ২০২৪ শুরু হচ্ছে। ভারতীয় সময় রাত ১১টায় সীন নদীর তীরে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এবছর প্যারিস অলিম্পিকে অলিম্পিকের শতবর্ষ উদযাপন করা হবে। প্রায় ১০০ বছর আগে ১৯২৪ সালেও প্যারিস অলিম্পিকের আয়োজন করে। লন্ডন ছাড়া প্যারিসই তিন তিনবার অলিম্পিক আয়োজক দ্বিতীয় দেশ। অলিম্পিকের ইতিহাস দেখা যায় অলিম্পিকে ভারতীয় দল প্রথমবার ফ্রান্সের রাজধানীতেই পদক জয় করে। এবার প্যারিস অলিম্পিকে ভারতের ১১৭ জন এথলেট অংশ নিচ্ছেন। এরমধ্যে ৭০ জন পুরুষ এবং ৪৭ জন মহিলা খেলোয়াড়। উদ্বোধনী প্যারেডে ভারতের পতাকা বহন করবেন অলিম্পিক পদক জয়ী পি ভি সিন্ধু এবং কিং বদন্তি শরৎ কমল।

*****************************